

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA  
Date: 14-01-2025**

**Time: 07:55-08:00 PM Hrs  
BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

- (১) সারা দেশের সঙ্গে আজ রাজ্যগুলি বিশেষ উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে মকর সংক্রান্তি উৎসব উদযাপন করা হচ্ছে।
- (২) উত্তরপ্রদেশের প্রয়াগরাজে মহাকুম্ভে মকর সংক্রান্তির অমৃত স্নান চলছে।
- (৩) আগরতলার হাঁপানিয়া আন্তর্জাতিক মেলা প্রাঙ্গনে ১৩ দিনব্যাপী ৪৩-তম আগরতলা বই মেলা আজ রাতে শেষ হচ্ছে।
- (৪) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ দেশকে আবহাওয়া এবং জলবায়ু সচেতন জাতি হিসেবে গড়ে তোলার লক্ষ্য 'মিশন মৌসম' -এর সূচনা করেছেন।

\*\*\*\*\*

**Makar Sankranti :**

সারা দেশের সঙ্গে আজ রাজ্যগুলি বিশেষ উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে মকর সংক্রান্তি উৎসব উদযাপন করা হচ্ছে। পঞ্জাবের লহরী, আসামের বিহু, তামিলনাড়ুর পোঙ্গল, পশ্চিমবঙ্গ, গুজরাট, হিমাচল প্রদেশের মতো দেশের আরও অন্যান্য রাজ্যের সঙ্গে ত্রিপুরাতেও পৌষ সংক্রান্তি অন্যতম এক প্রধান উৎসব।

পৌষ সংক্রান্তি উপলক্ষে অমরপুরের তীর্থমুখে গোমতী নদীর উৎসস্থলে, তেলিয়ামুড়ার চাকমাঘাটে হাওড়া নদীতে বহু পুন্যার্থী আজ ভোরে পুন্য অবগাহন করেন। পিতৃপুরুষদের উদ্দেশ্যে তর্পণ করেন। জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা গতকাল রাতে তীর্থমুখে

পৌষ সংক্রান্তি মেলার উদ্বোধন করেন। এই অনুষ্ঠানে সমবায় মন্ত্রী শুল্কাচরণ নোয়াতিয়া বলেন, তীর্থমুখের পৌষসংক্রান্তি মেলা রাজ্যের জাতি জনজাতি জনগনের সম্প্রীতির এক উজ্জল নিদর্শন। ত্রিপুরাদের কাছে এই উৎসব হাঁরাই তের নামে পরিচিত।

অনুষ্ঠানে স্বাগত ভাষণ দেন গোমতী জেলার জেলাশাসক তড়িৎ কান্তি চাকমা। উপস্থিত ছিলেন বিধায়ক সঞ্চয় মানি ত্রিপুরা, পাঠান লাল জমাতিয়া প্রমুখ। দু' দিনব্যাপী তীর্থমুখ পৌষ সংক্রান্তি মেলা আজ রাতে শেষ হবে।

তীর্থমুখ পৌষ সংক্রান্তি মেলার অবস্থান ভারত-বাংলাদেশ সীমান্তের খুব কাছাকাছি হওয়ার ফলে তীর্থমুখ নিকটবর্তী অঞ্চলে সাবধানতামূলক নিরাপত্তা ব্যবস্থা জোরদার করেছে সীমান্ত রক্ষী বাহিনী। বি এস এফ এর সেক্টর ডিআইজি অনিল শর্মা বলেন উৎসব সুষ্ঠুভাবে পরিচালনা এবং সীমান্তের ওপারে দুষ্কৃতীদের যে কোনও হস্তক্ষেপ রোধ করতে সমস্ত সর্তর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

#####Byte BSF#####

\*\*\*\*\*

#### **Makar Sankranti/Unakoti:**

আমাদের উনকোটি জেলার সংবাদদাতা অনুপম ভট্টাচার্য জানিয়েছেন, 'কৈলাশহরে অবস্থিত শৈবতীর্থ 'উনকোটি' তে দু' দিনের "মকর সংক্রান্তি মেলা" আজ সমাপ্ত হয়েছে। আজ ভোরে শত শত পূর্ণার্থী উনকোটির পবিত্র সীতাকুণ্ডে পূণ্য অবগাহন করেন। অনেকেই ভক্তি ও শ্রদ্ধায় পিতৃপুরুষের উদ্দেশ্যে তর্পণ ও পিণ্ডদান করেছেন। শান্তি ও শৃঙ্খলা বজায় রাখতে পুলিশ প্রশাসন ব্যাপক নিরাপত্তার ব্যবস্থা করা হয়েছিল। রাজ্য-বর্হিরাজ্য থেকে এবছর পূর্ণার্থী উনকোটিতে সমবেত হয়েছিলেন।

\*\*\*\*\*

#### **Makar Sankranti, Sonamura:**

আমাদের সিপাহীজলা জেলার সংবাদদাতা অভিজিৎ বৰ্ধন জানিয়েছেন, সোনামুড়ার বটতলীতে পৌষ সংক্রান্তি মেলার দ্বিতীয় দিনে আজও হাজার হাজার পুর্ণ্যার্থীর ভীড় লক্ষ্য করা গেছে। গতকাল রাতে এই মেলার উদ্বোধন করেন অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায়। উপস্থিত ছিলেন বিধায়ক কিশোর বর্মন, রামপদ জামাতিয়া, সিপাহীজলা জিলা পরিষদের সভাধিপতি সুপ্রিয়া দাস দত্ত প্রমুখ।

\*\*\*\*\*

**Governor Jishnu Dev Verma:**

তেলেঙ্গানার রাজ্যপাল জিষ্ণু দেববর্মা আজ আগরতলা শহরতলী লংকামুড়ায় পৌষ পার্বণ ও পিঠাপুলি উৎসবের উদ্বোধন করেছেন। রাজ্যপাল শ্রী দেববর্মা বলেন, পৌষ পার্বণ আমাদের সংস্কৃতি। পৌষ সংক্রান্তির আগে খড় বাঁশ দিয়ে বুড়ির ঘর তৈরি করে রাত জেগে বনভোজন করা আমাদের ঐতিহ্যবাহী সংস্কৃতি। তিনি বলেন, এখনও পৌষ পার্বণে বাড়ি আল্লনা দিয়ে সাজিয়ে তোলা হয়। নানা ধরনের পিঠে পুলি তৈরি করা হয় ঘরে ঘরে। রাজ্যপাল লংকামুড়া গ্রামের বাড়ি বাড়ি আল্লনা দিয়ে সাজিয়ে তোলা ঘর পরিদর্শন করেন।

\*\*\*\*\*

**Mahakumbha :**

উত্তরপ্রদেশের প্রয়াগরাজে মহাকুণ্ডে মকর সংক্রান্তির অমৃত স্নান চলছে। স্নানের পর ভক্তরা ঘাটে পূজা-অর্চনা করেন। গঙ্গা আরতিতেও বিপুল সংখ্যক মানুষ অংশ নেন। আজ সাড়ে তিন কোটিরও বেশি পুর্ণ্যার্থী মহাকুণ্ডে পুণ্যস্নান করেছেন। মহাকুণ্ড চলবে আগামী ২৬ ফেব্রুয়ারি মহাশিবরাত্রি পর্যন্ত।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ মকর সংক্রান্তির মহাকুণ্ডে প্রথম অমৃত স্নানে অংশ নেওয়া ভক্তদের অভিনন্দন জানিয়েছেন। মহাকুণ্ডের এক ঝলক শেয়ার করে শ্রী মোদী বলেন, মহাকুণ্ড হল ভক্তি ও আধ্যাত্মিকতার সত্যিকারের প্রতিফলন।

এদিকে, প্রয়াগরাজের ত্রিবেণী মার্গের প্রদর্শনী কমপ্লেক্সে ভারত সরকারের তথ্য ও সম্প্রচার মন্ত্রক কর্তৃক 'জনকল্যাণমূলক অংশগ্রহণ' শীর্ষক এবং গত দশকে ভারত সরকারের সাফল্য, কর্মসূচি, নীতি ও প্রকল্পগুলির উপর ভিত্তি করে একটি ডিজিটাল প্রদর্শনীর উদ্বোধন করা হয়েছে। হাজার হাজার মানুষ প্রদর্শনীটি ঘুরে ঘুরে দেখছেন। এই প্রদর্শনীর মাধ্যমে ভারত সরকারের বিভিন্ন জনকল্যাণমূলক প্রকল্পগুলিও তুলে ধরা হয়েছে।

তথ্য ও সম্প্রচার মন্ত্রকের ডিজিটাল প্রদর্শনী ছাড়াও, আকর্ষণীয় সাংস্কৃতিক অনুষ্ঠানের মাধ্যমে উত্তরপ্রদেশের বিভিন্ন অঞ্চলের ২০০টিরও বেশি লোক ও শাস্ত্রীয় অনুষ্ঠান বিভিন্ন স্থানে প্রদর্শিত হচ্ছে।

\*\*\*\*\*

#### **UGC Net Exam:**

ন্যাশনাল টেস্টিং এজেন্সি আগামীকালের নির্ধারিত ইউ.জি.সি. নেট পরীক্ষা স্থগিত করেছে। এক বিবৃতিতে, এজেন্সি জানিয়েছে, পোঙ্গল, মকর সংক্রান্তি এবং অন্যান্য উৎসবের পরিপ্রক্ষিতে আগামীকাল ১৫ জানুয়ারী ইউজিসি নেট পরীক্ষা স্থগিত করা হয়েছে। পরীক্ষার নতুন তারিখ পরে জানানো হবে। এজেন্সি জানিয়েছে, ১৬ জানুয়ারীর পরীক্ষা নির্ধারিত সূচী অনুযায়ী অনুষ্ঠিত হবে।

\*\*\*\*\*

#### **Assembly Session:**

এক দিন বিরতির পর আগামীকাল রাজ্য বিধানসভার চলতি শীতকালীন অধিবেশন পুনরায় শুরু হবে। সকাল এগারটায় অধিবেশন শুরু হবে। আগামীকালই অধিবেশনের সমাপ্তি হবে। গত ১০ই জানুয়ারী থেকে তিনিদিনের অধিবেশন শুরু হয়।

\*\*\*\*\*

#### **Book Fair:**

আগরতলার হাঁপানিয়া আন্তর্জাতিক মেলা প্রাঙ্গনে ১৩ দিনব্যাপী ৪৩-তম আগরতলা বই মেলা আজ রাতে শেষ হচ্ছে। আজ সন্ধ্যায় মেলা প্রাঙ্গনে আয়োজিত সমাপ্তি অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অর্থ মন্ত্রী প্রণজিঃ সিংহ রায়। আগরতলা পুরনিগমের ডেপুটি মেয়র মনিকা দাস দত্ত প্রমুখ। সমাপ্তি অনুষ্ঠানে সাহিত্য -সংস্কৃতির ক্ষেত্রে উল্লেখযোগ্য অবদানের জন্য আজ ১৭ জনকে পুরস্কৃত করা হয়।

\*\*\*\*\*

#### **Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে। আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন - ড্রিউ. ড্রিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

\*\*\*\*\*

#### **PM-IMD :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ দেশকে আবহাওয়া এবং জলবায়ু সচেতন জাতি হিসেবে গড়ে তোলার লক্ষ্য 'মিশন মৌসম'-এর সূচনা করেছেন। আজ নতুন দিল্লির ভারত মণ্ডপমে ভারতীয় আবহাওয়া দপ্তরের ১৫০তম প্রতিষ্ঠা দিবস উদযাপন অনুষ্ঠানে প্রধানমন্ত্রী 'মিশন মৌসম'-এর সূচনা করেন। অনুষ্ঠানে প্রধানমন্ত্রী বলেন, মিশন মৌসম একটি সুসংহত এবং ভবিষ্যৎ-প্রস্তুত জাতি গঠনে ভারতের অঙ্গীকারের প্রমাণ।

এদিকে, ভারতীয় আবহাওয়া দপ্তরের ১৫০ বছর পূর্তি উপলক্ষ্যে আবহাওয়া দপ্তরের আগরতলা শাখা অফিসেও আজ এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। এক সাক্ষাৎকারে দপ্তরের আগরতলা শাখার অধিকর্তা ডঃ পার্থ সারথী রায় বলেন, প্রধানমন্ত্রীর ঘোষিত মিশন মৌসম-এর অধীনে ত্রিপুরাতে আরও ২৪ টি আবহাওয়া সেন্টার স্থাপন করা হবে। দক্ষিণ জেলার সাব্রুমে অত্যাধুনিক ডপলার ওয়েদার ষ্টেশন গড়ে তোলা হবে। তিনি জানান, ১৯৫১ সালে আগরতলায় প্রথম আবহাওয়া অফিস চালু করা হয়। আবহাওয়া অফিসে আজ

আগরতলার বিভিন্ন স্কুলের ছাত্র ছাত্রীদের নিয়ে আবহাওয়া সম্বন্ধীয় কুইজ প্রতিযোগিতার আয়োজন করা হয়।

\*\*\*\*\*

#### **Gramin Bank- Inauguration:**

মুখ্য সচিব জীতেন্দ্র কুমার সিনহা আজ ত্রিপুরা গ্রামীণ ব্যাংকের নতুননগর শাখার অনুষ্ঠানিক উদ্বোধন করেন। উপস্থিত ছিলেন ত্রিপুরা গ্রামীণ ব্যাংকের চেয়ারম্যান সত্যেন্দ্র সিং সহ ব্যক্তের অন্যান্য আধিকারিকগণ।

\*\*\*\*\*

#### **PM Pariksha pe Charcha:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সাথে এই বছরের 'পরীক্ষা পে চর্চা'-তে অংশ নিতে রেকর্ড-সংখ্যক তিনি কোটি ২৫ লক্ষ শিক্ষার্থী, অভিভাবক এবং শিক্ষক নিবন্ধন করেছেন। কেন্দ্রীয় শিক্ষা মন্ত্রক জানিয়েছে, 'পরীক্ষা পে চর্চার' অনুষ্ঠান যে ছাত্রছাত্রীদের মধ্যে আন্দোলনের রূপ নিয়েছে তা তাঁদের এই নিবন্ধনের উল্লেখযোগ্য সংখ্যা বৃদ্ধিতে স্পষ্ট হয়। যা 'পরীক্ষা পে চর্চার' গরিমাও বৃদ্ধি করে। পরীক্ষা পে চর্চায় অংশগ্রহণের জন্য উল্লেখযোগ্য সংখ্যক বিদেশী ছাত্রও 'নিবন্ধন করেছে। যে নিবন্ধন প্রক্রিয়ার শুরু

হয়েছিল ১২ ডিসেম্বর, তা আজ শেষ হবে। আগ্রহী অংশগ্রহণকারীরা সময়সীমার আগে MYGOV.IN -এ নিবন্ধন করতে পারেন। গত ১২ জানুয়ারী, জাতীয় যুব দিবস থেকে স্কুল স্তরের পরীক্ষা পে চর্চার অষ্টম সংস্করণ শুরু হয়েছে এবং তা শেষ হবে ২৩শে জানুয়ারী - নেতাজি সুভাষ চন্দ্র বসুর জন্মবার্ষিকীতে।

\*\*\*\*\*

#### **Weather:**

আগামীকাল আকাশ পরিষ্কার থাকবে। সকালে হালকা কুয়াশা পড়বে। তাপমাত্রা সর্বোচ্চ ২৭ ডিগ্রি এবং সর্বনিম্ন ১৩ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৭ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন প্রায় ১৪ ডিগ্রি সেলসিয়াস।

\*\*\*\*\*

#### **Assam Rifles:**

মধ্যপ্রদেশে আয়োজিত অষ্টম জাতীয় মার্শাল আর্ট প্রতিযোগিতায় সাফল্য পেয়েছে তেলিয়ামুড়ার আসাম রাইফেলস হাই স্কুলের ছাত্রছাত্রীরা। আসাম রাইফেলস এক বিবৃতিতে জানিয়েছে, গত ৮ থেকে ১১ জানুয়ারি আয়োজিত আসরে বিভিন্ন বিভাগে নবম শ্রেণীর তিন পদুয়া জুলেয়াস কলই স্বর্ণ পদক সোনিয়া কলই রৌপ্য পদক এবং ডেনিয়াল কলই ব্রোঞ্জ পদক পেয়েছে।

\*\*\*\*\*

\*\*\*\*\*